




মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতিবেদন

নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	অগ্রগতি	মন্তব্য
১.	গত ২৪/১০/২০২২ তারিখের সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	গত ২৪/১০/২০২২ তারিখের সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন দেয়া হয়।	গত ২৪/১০/২০২২ তারিখের সভার কার্যবিবরণী অনুমোদন দেয়া হয়।	অনুমোদিত
২.	আগামী ১০/০৪/২০২৩ এর মধ্যে বোর্ডে আগত মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।	ঢাকা শিক্ষা বোর্ডে আগত মহিলা সেবাপ্রার্থীদের জন্য বোর্ডের অভ্যর্থনা কক্ষের পাশে পৃথক ওয়াশরুম তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।	আগামী ১০/০৪/২০২৩ তারিখে বোর্ডে আগত মহিলাদের জন্য তৈরিকৃত পৃথক ওয়াশরুমের উদ্বোধন করা হবে।	বাস্তবায়িত
৩.	বোর্ডের বিভিন্ন শাখায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।	আগামী ২০/০২/২০২৩ তারিখে বোর্ডের বিভিন্ন শাখায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	গত ২০/০২/২০২৩ তারিখ সোমবার সকাল ৯.০০ টা হতে সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত বোর্ডের বিভিন্ন শাখায় ১০০(একশত) জন কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।	বাস্তবায়িত
৪.	প্রশিক্ষক/প্রশিক্ষণার্থী	এ বোর্ডের বিভিন্ন শাখায় ১০০ জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করবেন। তাদের প্রশিক্ষণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ১(এক) জন অতিরিক্ত সচিব, ১(এক) জন উপসচিব, ১(এক) জন ডাক্তার, ১(এক) জন অধ্যক্ষ এবং অভ্যন্তরীণ ৩(তিন) জনসহ মোট ৭(সাত) জন প্রশিক্ষক শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত-সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ও জনাব মোঃ নূর-ই-আলম, উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, প্রফেসর এস.এম. রবিউল ইসলাম, অধ্যক্ষ, নগরকান্দা সরকারি কলেজ, ফরিদপুর, ডা. আফিফা তাসনীম তামান্না, মেডিকেল অফিসার, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা মহোদয়গণ বোর্ডের বিভিন্ন শাখায় ১০০ জন কর্মকর্তা ও কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করেন।	বাস্তবায়িত
৫.	অত্র বোর্ডের সনদ শাখার কাউন্টারের সেবার মান উন্নয়ন।	উপ সচিব (প্রশাঃ ও সংস্থাঃ) এবং সহকারি সচিব (প্রশাঃ ও সংস্থাঃ) সনদ শাখার সেবার মান যাচাইয়ের নিমিত্ত সরেজমিনে পরিদর্শন করার দায়িত্ব প্রদান করা হয়।	বিগত ২৭/০৩/২০২৩ তারিখে উপ সচিব (প্রশাঃ ও সংস্থাঃ) এবং সহকারি সচিব (প্রশাঃ ও সংস্থাঃ) সনদ শাখা সরেজমিনে পরিদর্শন করেন। বোর্ডের সনদ শাখার কাউন্টারে সেবার মান বর্তমানে সন্তোষজনক পর্যায়ে রয়েছে।	বাস্তবায়িত
৬.	শাখা মনিটরিং/পরিদর্শন	অত্র বোর্ডের সকল শাখার কর্মকর্তা কর্মচারীদের অফিসে উপস্থিতি ও কাজ তদারকি করা।	অত্র বোর্ডের সকল শাখার কর্মকর্তা কর্মচারীদের অফিসে উপস্থিতি ও কাজ তদারকির জন্য প্রতিটি শাখায় সিসি টিভি ক্যামেরা প্রতিস্থাপন করা হয়েছে। বিষয়টি চেয়ারম্যান মহোদয় ও সচিব মহোদয়ের দপ্তর এবং সংস্থাপন শাখা হতে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বর্তমানে বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে উপস্থিতি ও কাজের পরিবেশ সন্তোষজনক পর্যায়ে রয়েছে।	বাস্তবায়িত


প্রফেসর আবু তালেব মো: মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ও
ফোকাল পয়েন্ট
শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি।